



রাজশাহীতে ফিল্মিস্টাইলে দুই কলেজ শিক্ষককে অপহরণ

প্রকাশিত: ২৫ - মার্চ, ২০১৮ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥ চারঘাটের দুই কলেজ শিক্ষক অপহৃত হয়েছেন। রাস্তা থেকে ফিল্মিস্টাইলে তাদের একটি কালো মাইক্রোবাসে করে তুলে নিয়ে যাওয়া হয়। তবে কে বা কারা দুই শিক্ষককে তুলে নিয়ে গেছে তার কোন হিসেব মিলেনি। ঘটনার পর থেকে তাদের মোবাইল ফোনও বন্ধ পাওয়া যায়। শনিবার বেলা সোয়া ১০টার দিকে উপজেলার অনুপমপুর উচ্চ বিদ্যালয়ের সামনে থেকে একটি মাইক্রোবাসে করে তাদের তুলে নিয়ে যাওয়া হয় বলে তাদের সহকর্মীরা জানিয়েছেন। অপহরণের শিকার দুই শিক্ষক হলেন, উপজেলার রায়পুর গ্রামের আসমত আলীর ছেলে ডাকরা ডিগ্রী কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রভাষক বজ্রুর রহমান এবং আক্ষরপুর গ্রামের ছিদ্রিক আলীর ছেলে একই কলেজের ইংরেজী বিভাগের প্রভাষক শফিকুর রহমান উজ্জুল।

এ বিষয়ে যোগাযোগ করা হলে পুলিশ ও সংশ্লিষ্ট দফতর থেকে বলা হয়েছে এ ধরনের কোন অভিযান তারা পরিচালনা করেননি। এ দিকে এ ঘটনায় তাৎক্ষণিক চারঘাট মডেল থানা পুলিশকে মৌখিকভাবে অবহিত করেছে কলেজ কর্তৃপক্ষ।

ডাকরা কলেজের অধ্যক্ষ আব্দুর রউফ প্রত্যক্ষদর্শীদের বরাত দিয়ে জানান, শনিবার সকালে কলেজের ক্লাস শেষে চারঘাট যাওয়ার পথে চারঘাট-আড়ানী সড়কের অনুপমপুর উচ্চ বিদ্যালয়ের সামনে পৌঁছলে সেখানে দাঁড়িয়ে থাকা একটি কালো মাইক্রোবাসে করে কলেজ শিক্ষক বজ্রুর রহমান ও শফিকুর রহমান উজ্জুলকে তুলে নিয়ে যায়। পরে বিভিন্ন স্থানে খোঁজ নিয়েও তাদের কোন সন্ধান পাওয়া যাচ্ছে না। প্রত্যক্ষদর্শী ওই কলেজের একজন শিক্ষক নাম প্রকাশ না করার শর্তে জানান, ঘটনার সময় তিনি মাইক্রোবাসে কাছে যাবার চেষ্টা করলেও সেখানে দাঁড়িয়ে থাকা ব্যক্তিরা সেখানে যেতে নিষেধ করেন। এরপরই মাইক্রোবাসটি দ্রুত চারঘাটের দিকে চলে যায়। অপহৃত শিক্ষক বজ্রুর রহমানের ছোট ভাই মোজাহেদুল ইসলাম বলেন, তিনি সংবাদ পেয়ে দ্রুত ঘটনাস্থলে গিয়ে কাউকে পাননি। তিনি বলেন, আমার ভাই গ্রামের বাড়িতে থাকতেন না। তিনি সারদা এলাকায় ভাড়া বাড়িতে বসবাস করতেন। অপহৃত শিক্ষক শফিকুর রহমান উজ্জুলের ছোট ভাই মিলন জানান, তার ভাইকে ঠিক কী কারণে কারা ধরে নিয়ে গেছে তা জানা নেই। এ বিষয়ে থানায় অভিযোগ করা হবে বলেও জানান তিনি। যোগাযোগ করা হলে রাজশাহী জেলা গেয়েন্দা পুলিশের পরিদর্শক (তদন্ত) খালিদ হোসেন বলেন, ঘটনাটি শুনেছি। তবে পুলিশের কেউ সেখানে অভিযান পরিচালনা করেনি। রাজশাহী র্যাবের একজন উর্ধ্বতন কর্মকর্তাও বিষয়টি জানেন না বলে জানান।

চারঘাট মডেল থানার ওসি নজরুল ইসলাম বলেন, কী কারণে তাদের কারা তুলে নিয়ে গেছে এখনও নিশ্চিতভাবে কোন তথ্য নেই। তবে পুলিশ সবখানে বেতারবার্তা পাঠিয়েছে। দ্রুত তাদের সন্ধান বের করতে পুলিশ কাজ করছে বলে জানান ওসি নজরুল ইসলাম।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কর্তৃক গ্লোব জনকর্তৃ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকর্তৃ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকর্তৃ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সটন, জিপিও বাস্ক: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright ® All rights reserved by dailyjanakantha.com